

স্মারক নং:- ৪১.০১.৫৮৮৩.০০০.০৪.১৭৯.২০.৬৪৭

তারিখ:- ১৬/০৭/২০২০

গণ বিজ্ঞপ্তি


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য বাসভবন নির্মাণের সিদ্ধান্ত গ্রহণ করছেন। আবাসন প্রাপ্তির জন্য অসচ্ছল বীর মুক্তিযোদ্ধা শহীদ/প্রয়াত বীর মুক্তিযোদ্ধা বিধবা স্ত্রী ও সন্তান নির্ধারিত ফরমে বিবেচ্য বিষয়সমূহ অনুসরণ পূর্বক আবেদন করতে পারবেন।

আবাসন বরাদ্দের ক্ষেত্রে প্রাধিকারসহ বিবেচ্য বিষয়:

- ক। অসচ্ছল বীর মুক্তিযোদ্ধা যিনি আবাসন প্রাপ্তির জন্য আবেদন করবেন তার অনুকূলে অবশ্যই মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক স্বীকৃত (ওয়েব সাইটে প্রকাশিত ভারতীয় তালিকা / লাল মুক্তিবর্তী অথবা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত চূড়ান্ত তালিকা) বীর মুক্তিযোদ্ধাদের তালিকায় নাম থাকতে হবে।
- খ। যে সকল অসচ্ছল বীর মুক্তিযোদ্ধা শহীদ / প্রয়াত বীর মুক্তিযোদ্ধার বিধবা স্ত্রী ও সন্তান ইতোপূর্বে এ মন্ত্রণালয় বা কোন সরকারি দপ্তর/সংস্থা হতে পুট / ফ্ল্যাট/আবাসন বরাদ্দ পাননি বা আবাসনের জন্য কোন ঋণ পাননি, তারাই আলোচ্য প্রকল্পের আওতায় আবাসন বরাদ্দ প্রাপ্তির জন্য যোগ্য হবেন এবং আবেদন করতে পারবেন।
- গ। অসচ্ছল শহীদ/প্রয়াত বীর মুক্তিযোদ্ধার বিধবা স্ত্রী উপার্জনে অক্ষম প্রতিবন্ধী ও দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত সন্তান এবং উপার্জনে অক্ষম বিধবা / স্বামী পরিত্যক্ত/ অবিবাহিত (বয়স্ক)কন্যা আবাসন বরাদ্দ প্রাপ্তির জন্য বিবেচিত হবেন। একজন শহীদ / প্রয়াত বীর মুক্তিযোদ্ধার বিপরীতে বিধবা স্ত্রী কিংবা সন্তান কেবলমাত্র একটি আবাসন বরাদ্দ প্রাপ্তির জন্য বিবেচিত হবেন। শহীদ / প্রয়াত বীর মুক্তিযোদ্ধার বিধবা স্ত্রী ও সন্তানের একাধিক ওয়ারিশের ক্ষেত্রে কো-শেয়ারারদের -৩০০/- টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে অনাপত্তি পত্র থাকতে হবে।
- ঘ। যে সকল অসচ্ছল বীর মুক্তিযোদ্ধা কিংবা শহীদ/প্রয়াত বীর মুক্তিযোদ্ধার বিধবা স্ত্রী ও সন্তানের মালিকানা কোন ভিটি জমি নাই, তাঁদের অনুকূলে আবাসন নির্মাণের উপযোগী খাস জমি দখলে থাকলে কিংবা খাস জমি বন্দোবস্ত দেয়া সম্ভব হলে জমি বন্দোবস্ত প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রয়োজনীয় বরাদ্দ প্রদান পূর্বক বাসস্থান বরাদ্দ প্রদান করা যেতে পারে।
- ঙ। বীরান্নাদের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় থেকে আবেদনের প্রেক্ষিতে সরাসরি বরাদ্দ দেয়া হবে। এক্ষেত্রে, উপজেলা নির্বাহী অফিসার কোন যাচাই ব্যতিরেকে আবেদনটি সরাসরি মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করবেন। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় যাচাইয়াস্তে সরাসরি তাদের বিপরীতে আবাসন বরাদ্দ দিবে।
- চ। অসচ্ছল/ভূমিহীন যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা, বিধবা(শেরপুর বিধবা পত্নী কিংবা অনুরূপ স্বীকৃত কোন বিধবা পত্নীর) ও শহীদ বীর মুক্তিযোদ্ধার স্ত্রী/সন্তান, প্রয়াত বীর মুক্তিযোদ্ধার বিধবা স্ত্রী(অসচ্ছল/ভূমিহীন হলে) অগ্রাধিকার পাবেন।
- ছ। অসচ্ছল/ভূমিহীন বীর মুক্তিযোদ্ধা, উপার্জনে অক্ষম প্রতিবন্ধী সন্তান এবং উপার্জনে অক্ষম ও বিধবা/স্বামী পরিত্যক্তা কন্যা অগ্রাধিকার পাবেন।
- জ। স্থায়ীভাবে অক্ষম প্রতিবন্ধীদের ক্ষেত্রে কো-শেয়ারারদের সম্মতি না থাকলেও কমিটি বিশেষ বিবেচনায় সরাসরি বরাদ্দ দিতে পারবে।
- ঝ। অসচ্ছল/ভূমিহীন বীর মুক্তিযোদ্ধা যিনি সম্মানী ভাতা ব্যতীত অদ্যাবধি সরকারি অন্য কোন সুযোগ সুবিধা পাননি, বসতভিটা হিসেবে কেবলমাত্র কুঁড়েঘরের মালিক, স্বচ্ছল পেশায় নিয়োজিত নন কিংবা দিন মজুরি খেটে জীবিকা নির্বাহ করেন এ ধরনের অসচ্ছল/ভূমিহীন বীর মুক্তিযোদ্ধা এবং শহীদ/প্রয়াত বীর মুক্তিযোদ্ধার বিধবা স্ত্রী/সন্তান আবাসন বরাদ্দের ক্ষেত্রে অগ্রাধিকার পাবেন।

আত্মহী আবেদন কারীগণ নির্ধারিত ফরম পূরণপূর্বক আগামী ১৫/০৯/২০২০ তারিখের মধ্যে উপজেলা সমাজসেবা কার্যালয়ে আবেদন পত্র জমা দিতে পারবেন। নির্ধারিত তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না।

আবেদন পত্র www.molwa.gov.bd ওয়েব সাইটে পাওয়া যাবে।



(নজরুল ইসলাম)

উপজেলা নির্বাহী অফিসার

শ্রীমঙ্গল, মৌলভীবাজার

ফোন:- ০৮৬২৬-৭২৪৪৪

unosreemangal@mopa.gov.bd

বিতরণ : সদয় জ্ঞাতার্থে ও বহুল প্রচারের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

- ১। আলহাজ্ব উপাধ্যক্ষ ড. মো: আব্দুস শহীদ, এম.পি. ও মাননীয় সভাপতি অনুমিত হিসাব সম্পর্কিত কমিটি, (সাবেক চীপ ছইপ) বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা
- ২। জনাব রনবীর কুমার দেব, চেয়ারম্যান উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল, মৌলভীবাজার
- ৩। মেয়র, শ্রীমঙ্গল পৌরসভা, শ্রীমঙ্গল, মৌলভীবাজার
- ৪। উপজেলা অফিসার, শ্রীমঙ্গল, মৌলভীবাজার
- ৫। চেয়ারম্যান ইউ.পি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার
- ৬। সাবেক কমান্ডার জনাব শ্রীমঙ্গল, মৌলভীবাজার
- ৭। জনাব শ্রীমঙ্গল, মৌলভীবাজার
- ৮। নোটিশ বোর্ড
- ৯। অফিস কপি